

প্রিয় নির্বাচিত কর্মকর্তাগণ,

ফরাসি ভাষার শিক্ষার্থী হিসাবে, আমরা শিকড়হীন মানুষ। ফ্রান্সে আমরা পুনর্বাসনের জন্য নতুন স্থান খুঁজে পেয়েছি। আমাদের পেশাগত এবং সামাজিক জীবনে অন্তর্ভুক্তির জন্য, ভাষা শেখা অপরিহার্য।

আজ, "অভিবাসন নিয়ন্ত্রণ এবং অন্তর্ভুক্তিকরণের উন্নয়ন সংক্রান্ত আইনের বিল" আমাদের নিজেদের মত প্রকাশ করতে এবং ফরাসি শেখার বর্তমান অবস্থা বিষয়ে আমাদের মতামত দিতে উত্সাহিত করেছে।

আমরা নিম্নলিখিত বিষয়গুলোতে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই :

- **সব শিক্ষার্থীর ফরাসি ভাষার কোর্সে এক্সেস নেই :**

কোর্স সমূহ চাহিদার সাথে মেলে না।

কোর্স শুরু করতে এবং প্রতিটি লেভেলের মধ্যে একটি উল্লেখযোগ্য বিলম্ব রয়েছে।

ছোট শহরগুলোতে সাধারণত কোর্স থাকে না। এ কারণে, কখনও কখনও আমাদের অনেক দূরে যাওয়া লাগে।

- **আমাদের শিক্ষার অবস্থা ভালো নয় :**

ক্লাসের গঠন সবসময় প্রাসঙ্গিক হয় না। প্রায়শই ক্লাসগুলো মিশ্রিত থাকে।

প্রতি ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা প্রায়শই বেশি হয়ে থাকে। ১৫ বা তার বেশি ছাত্রের ক্লাসে শেখা কঠিন।

- **কোর্সগুলো আমাদের সাথে সঙ্গতিপূর্ণ নয় :**

আমাদের সকলের পরিস্থিতি এক নয়।

কিছু শিক্ষার্থী তাদের দেশের বিশ্ববিদ্যালয়ে পড়েছে আবার কিছু শিক্ষার্থী কখনও স্কুলে যায়নি। আমাদের একই শিক্ষাগত যোগ্যতা, একই ভাষার চাহিদা এবং একই অবসর সময় নেই। OFII দ্বারা প্রদত্ত ভাষা প্রশিক্ষণ যথেষ্ট নয়, এবং সবার উপযুক্ত প্রশিক্ষণ নেই।

শুধুমাত্র লেভেলের দিক থেকে প্রশিক্ষণের চিন্তা করা যথেষ্ট নয়!

একটি বৈচিত্রপূর্ণ কোর্সের প্রয়োজন : প্রতি সপ্তাহে ৩০ ঘন্টা নিবিড় প্রশিক্ষণ, প্রতি সপ্তাহে ৬ ঘন্টা প্রশিক্ষণ, মাতৃভাষায় প্রশিক্ষণ, বিশেষায়িত প্রশিক্ষণ (মৌখিক বা লিখিত, স্কুল, পেশাদাগত ইত্যাদি), কথোপকথন কর্মশালা...

• **ছোট শিশুদের জন্য ডে-কেয়ারের সুবিধাগুলো সীমিত :**

ডে-কেয়ারে জায়গার জন্য অপেক্ষা করার সময় শিক্ষার্থী পিতামাতারা প্রায়শই তাদের শিক্ষা স্থগিত করতে বাধ্য হন।

• **আমাদের পেশাগত সার্টিফিকেট গুলো স্বীকৃত নয় :**

আমরা যে বিষয়ে পড়ালেখা করেছি তা কখনই প্র্যাকটিস করতে পারব না জেনে ফরাসি ভাষা শেখার জন্য উৎসাহ পাওয়া কঠিন।

• **প্রশিক্ষকদের কাজের পরিবেশ প্রায়শই কঠিন হয়ে থাকে :**

প্রশিক্ষকদের কাজের পরিবেশ শিক্ষার্থীদের প্রভাবিত করবে।

আমাদের ভালভাবে সাহায্য করার জন্য, পন্থাগুলো অবশ্যই প্রতিটি ব্যক্তির লক্ষ্য এবং প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

প্রশিক্ষকদের উপর প্রশাসনিক কাজের উল্লেখযোগ্য বোঝা রয়েছে।

অনেক সময় শিক্ষার্থীদের কোর্স এবং ফলোআপের প্রস্তুতির জন্য তাদের হাতে সময় থাকে না।

এমন এক পরিস্থিতিতে কেইবা প্রশিক্ষক হতে চাইবে?

• **স্বেচ্ছাসেবকরা প্রায়শই আলাদা থাকে:**

অভ্যর্থনা এবং প্রশিক্ষণের একটি বড় অংশের দায়িত্ব স্বেচ্ছাসেবকদের কাঁধের উপর থাকে, সবসময় এর জন্য তাদের প্রশিক্ষন থাকে না। স্বেচ্ছাসেবকদের পদ্ধতিগতভাবে প্রশিক্ষণ দেওয়া উচিত।

আমরা তাদের কাজ ও অধ্যাবসায়ের প্রশংসা করি, তবে এটি অবশ্যই একজন পেশাদার দ্বারা প্রদত্ত প্রশিক্ষণের পরিপূরক হতে হবে।

স্বেচ্ছাসেবীরা কেবল ফরাসি পাঠ প্রদান নয়, অন্যান্য কার্যক্রমের দায়িত্বও তাদের উপর থাকে : ভ্রমণ, সাংস্কৃতিক বা ক্রীড়া... এটি অন্যান্য প্রত্যাশা, শেখার অন্যান্য উপায় পূরণ করবে।

আমরা ফরাসি শিখতে, এখানে আমাদের জীবন পুনর্নির্মাণ করতে এবং সমাজে অংশ নিতে আগ্রহী। দুর্ভাগ্যবশত, আমাদের মধ্যে কেউ কেউ নিরুৎসাহিত হন, কারণ ফরাসি ভাষা শেখার সময় আমরা অনেক বাধার সন্মুখীন হই।

ফরাসি ভাষার শিক্ষার্থী হিসাবে, আমরা দাবি করি :

- **সমগ্র ফ্রান্স জুড়ে পেশাদারদের মাধ্যমে ফরাসি ভাষার কোর্স প্রদান,**
- **বৈচিত্র্যময় কোর্স যা আমাদের প্রয়োজনের ভিন্নতা পূরণ করে,**

- **কর্মজীবী বা প্রশিক্ষার্থীদের মতো ডে-কেয়ার সমূহে অগ্রাধিকার প্রাপ্তির সুযোগ**
- **আমাদের সার্টিফিকেট সমূহের স্বীকৃতি এবং মূল্যায়ন।**

এই ট্রিবিউন নিয়ে আলোচনা করেছে এবং এটি লিখেছে এমন ব্যক্তিগণ, যারা ফ্রান্সে ফরাসী ভাষা শিখছে এবং [সম্মিলিত Le Français Pour tous \(সকলের জন্য ফরাসি\) গবেষণায় অংশ নিয়েছে।](#) এই ট্রিবিউনটির উদ্যোক্তা Gülten Boyaci (Centre social et culturel l'Albatros, Lingolsheim)। পরবর্তীতে Salah Issa (association Coraplis, Niort) এবং Radwan Idriss (association Echange Culturel et Solidaire Franco-Soudanais, Tours) এর সাথে যুক্ত হন। এ তিনজন তাদের অভিজ্ঞতা এবং পরিচিত শিক্ষার্থীদের সাথে তাদের আদান-প্রদানের মাধ্যমে এই ফোরামে অবদান রেখেছেন।